

সিরাজদিখানে শিক্ষকের বেধড়ক পিটুনি আহত ছাত্রের জেএসসি পরীক্ষা অনিশ্চিত

মুন্সীগঞ্জ প্রতিনিধি >

মুন্সীগঞ্জের সিরাজদিখানের খাসমহল বালুরচর উচ্চ বিদ্যালয়ের এক জেএসসি পরীক্ষার্থীকে বেধড়ক পিটিয়ে আহত করার অভিযোগ উঠেছে সহকারী প্রধান শিক্ষকের বিরুদ্ধে।

এ ঘটনায় ১ নভেম্বর থেকে শুরু হতে যাওয়া জেএসসি পরীক্ষা দেওয়া অনিশ্চিত হয়ে পড়েছে ওই শিক্ষার্থীর। অভিযুক্ত শিক্ষকের বিচার দাবি করেছে আহত শিক্ষার্থীর আত্মীয়-স্বজন ও সহপাঠীরা।

আহত পরীক্ষার্থীর নাম তানজিল হোসেন (১৫)। সে সিরাজদিখান উপজেলার লতকি ইউনিয়নের দোসরপাড়া গ্রামের কুয়েতপ্রবাসী হাবিব বেপারীর ছেলে।

খাসমহল বালুরচর উচ্চ বিদ্যালয়ের অভিযুক্ত শিক্ষকের নাম মো. আলী আশরাফ। ২০০৭ থেকে ২০১০ সাল পর্যন্ত তিনি একই বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ছিলেন। তখন বিদ্যালয়ে অনিয়ম ও স্বৈচ্ছাচারিতার অভিযোগে তাঁকে চার বছরের জন্য বরখাস্ত করা হয়েছিল। দুই বছর ধরে তিনি বিদ্যালয়টির সহকারী প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন।


সূত্র জানায়, গত ২৪ অক্টোবর মো. আলী আশরাফ গণিত ক্লাস নিশ্চিলেন। ক্লাসে তিনি একটি অঙ্ক খাতায় উঠিয়েছে কি না ছাত্র তানজিলকে তা জিজ্ঞাসা করেন। তানজিল

অঙ্কটি খাতায় উঠিয়েছে বলে আশরাফকে দেখায়। কিন্তু আশরাফ ক্ষিপ্ত হয়ে বেত এনে তানজিলকে বেধড়ক পেটাতে থাকেন। পেটাতে পেটাতে তিনি তানজিলকে পাশের রাস্তায় নিয়ে যান। সেখানে তানজিল অচেতন হয়ে পড়ে। আশরাফ তানজিলকে রাস্তায় ফেলে রেখে চলে যান। খবর পেয়ে তানজিলের স্বজন ও সহপাঠীরা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে চিকিৎসা দেয়। বর্তমানে সে বাড়িতে চিকিৎসাধীন। তার অবস্থা ভালো নয়। ব্যথা-যন্ত্রণায় ছটফট করছে সে।

তানজিল, তার মা তাসলিমা বেগম, চাচা আলাউদ্দিন বেপারী ও সহপাঠীরা জানায়, তানজিলকে বেত দিয়ে পিটিয়ে রক্তাক্ত করে রাস্তায় ফেলে রাখেন আলী আশরাফ। অঙ্ক পারার পরও খাতায় অঙ্ক তোলা নিয়ে আশরাফ তানজিলকে বেত্রাঘাত করেন। হাতে-পায়ে ধরার পরও তানজিলকে পেটাতে থাকেন আশরাফ।

অভিযুক্ত মো. আলী আশরাফ বলেন, 'এটি একটি বিচ্ছিন্ন ঘটনা। একটু শাসন করতে হয় বলে করছি।'

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু মোতাহার মো. নিয়ামুল বাব্বী জানান, খবর পেয়ে তিনি ওই ছাত্রকে দেখতে তার বাড়িতে গিয়েছিলেন। পেটানোর বিষয়টি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতিকে জানানো হয়েছে। এ বিষয়ে ম্যানেজিং কমিটি সিদ্ধান্ত নেবে।



মুন্সীগঞ্জের সিরাজদিখান উপজেলার খাসমহল বালুরচর উচ্চ বিদ্যালয়ের জেএসসি পরীক্ষার্থী তানজিল হোসেনের পিঠে পিটুনির দাগ।
ছবি: কালের কন্ঠ